

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 11.12.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী বলেছেন, হ্যাকাথন থেকে উদ্ভূত পরামর্শ ও চিন্তাভবনা সরকারী নানা কাজে সহায়ক হচ্ছে।

আজ স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনের গ্র্যান্ড ফিনালেতে তরুণ উদ্ভাবকদের সঙ্গে কথা বলেন তিনি।

২) রাজ্য বিধানসভার চলতি অধিবেশন আজ শেষ হয়েছে। ধৰনি ভোটে গৃহীত হয়েছে ভবানীপুর গ্লোবাল ইউনিভার্সিটি বিল।

৩) আগামী বছরের গোড়াতেই ঘাটাল মাস্টার প্ল্যানের মূল পর্বের কাজ শুরু হয়ে যাবে বলে বিধানসভায় জানিয়েছেন সেচমন্ত্রী।

৪) পূর্ব মেদিনীপুরের দীঘায় নবনির্মিত জগন্নাথ মন্দিরের উদ্বোধন আগামী বছরের ৩০-শে এপ্রিল হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

৫) বাংলা সৈয়দ মুস্তাক আলি ট্রফির টি-টোয়েন্টি ক্রিকেট প্রতিযোগিতা থেকে বিদায় নিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিকেলে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন - ২০২৪-এর গ্র্যান্ড ফিনালের তরুণ উত্তোলকদের সঙ্গে কথা বলেন। ভার্চুয়াল মাধ্যমে আয়োজিত এক অনুষ্ঠানে শ্রী মোদী বলেন, হ্যাকাথন থেকে উত্তুত পরামর্শ এবং চিন্তাভাবনা সরকারী নানা কাজে সহায়ক হচ্ছে।

(বাইট- মোদী হ্যাকাথন)

১৩-শোর বেশি পড়ুয়াদের দল চূড়ান্ত প্রতিযোগিতায় প্রতিদ্বন্দ্বিতা করছেন। দেশের ৫১ টি নোডল কেন্দ্রে আজ সপ্তম স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনের সূচনা হয়েছে। হ্যাকাথনের সফটওয়্যার সংস্করণ চলবে একটানা ৩৬ ঘণ্টা, অন্যদিকে হার্ডওয়্যার সংস্করণ চলবে ১৫ ই ডিসেম্বর পর্যন্ত। শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান ভার্চুয়াল মাধ্যমে এর উদ্বোধন করেন।

এরাজ্যের আইআইটি খড়গপুরে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনের সপ্তম পর্যায়ের গ্র্যান্ড ফিনালে পর্ব চলছে। আজ ও আগামীকাল সফটওয়্যার এডিশন এর চূড়ান্ত পর্যায়ের অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। মোট ৩৫ টি দল প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে। আজ সকালে স্থানীয় পর্যায়ের হ্যাকাথন এর উদ্বোধন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভার চলতি অধিবেশন আজ শেষ হয়েছে। প্রথা মাফিক ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাবের মধ্যে দিয়ে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় অধিবেশনের সমাপ্তি ঘোষনা করেন। তিনি জানান চলতি অধিবেশনে ছত্রিশ ঘণ্টারও বেশি বিভিন্ন বিষয়ের উপর আলোচনা হয়েছে। মৌখিক ও লিখিত উত্তরের জন্য বিভিন্ন দণ্ডের মোট ৩৮২ টি প্রশ্ন জমা পড়েছিল। তার মধ্যে ১৪৭ টির উত্তর দেওয়া হয়েছে। চলতি অধিবেশনে সাতটি বিল পেশ করা হয়েছিল। সব কটি বিধানসভায় গৃহীত হয়েছে। এছাড়া সরকারি বেসরকারি মিলিয়ে চারটি প্রস্তাবের ওপর আলোচনা হয়েছে। এর মধ্যে সংবিধান দিবসেকে সামনে

রেখে আনা বিশেষ প্রস্তাবও রয়েছে। অধিবেশন সুচারূপে শেষ হওয়ার জন্য সরকারপক্ষ এবং বিরোধী পক্ষের সকলকে অধ্যক্ষ ধন্যবাদ জানান। বিধানসভার অধিবেশন যাতে আরো বেশি দিন বসে সরকার পক্ষকে সেজন্য সচেষ্ট হতেও তিনি অনুরোধ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগের ব্যাপারে রাজ্যপালের ভূমিকা নিয়ে সরব হয়েছেন। বিধানসভায় আজ ভবানীপুর গ্লোবাল ইউনিভার্সিটি বিলের ওপর আলোচনা শেষে জবাবী ভাষণে শিক্ষামন্ত্রী অভিযোগ করেন, রাজ্যপালের অ্যাচিত হস্তক্ষেপে বিশ্ববিদ্যালয়গুলির পরিচালনা বিষ্ণিত হচ্ছে। ৩৫-টি বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য নিয়োগের ব্যাপারে সুপ্রিম কোর্টের নির্দেশের পরেও রাজ্যপাল এনিয়ে অথবা কালবিলম্ব করছেন। শিক্ষামন্ত্রী আরও জানান, ভবানীপুরের গুজরাটী এডুকেশন সোসাইটি নতুন বিশ্ববিদ্যালয়টি তৈরি করবে। রাজ্য ভাষা সংখ্যালঘু পদুয়াদের জন্য এই প্রথম কোন বিশ্ববিদ্যালয় তৈরি হল বলেও তিনি জানান।

এদিকে, বিরোধীরা শিক্ষাক্ষেত্রে বে-সরকারীকরণের অভিযোগ তুলেছেন। সাম্প্রতিক একাধিক শিক্ষা দুর্নীতির অভিযোগের সঙ্গে বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের বাড়বাড়ত্তের কোন সম্পর্ক আছে কিনা তা নিয়ে প্রশ্ন তোলেন বিরোধী পক্ষের মুখ্য সচেতক শক্তর ঘোষ। আলোচনা শেষে ধ্বনি ভোটে বিলটি বিধানসভায় গৃহীত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঘাটাল মাস্টার প্ল্যানের মূল পর্বের কাজ আগামী বছরের গোড়াতেই শুরু হয়ে যাবে। বিধানসভার প্রশ্নোত্তর পর্বে আজ সেচমন্ত্রী মানস ভুঁইয়া একথা জানিয়েছেন। তিনি বলেন, ২০২৫ সালের ফেব্রুয়ারি নাগাদ ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ শুরু হবে। কেন্দ্রীয় সরকারকে মুখ্যমন্ত্রী বারবার চিঠি দেওয়া, প্রতিনিধি পাঠানো সত্ত্বেও কেন্দ্রীয় সরকার ২০১৫ সাল থেকে কোন অর্থ দেয়নি। তাই ঘাটাল মাস্টার প্ল্যান, রাজ্য সরকার

নিজেদের তহবিল থেকেই করবে। বিজেপি বিধায়ক অশোক লাহিড়ীর প্রশ্নের উত্তরে সেচমন্ত্রী জানান যে ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য ১ হাজার ২৩৮ কোটি টাকা খরচ হবে। ইতিমধ্যে এবিষয়ে বিভিন্ন কাজে ৩৪১ কোটি ৫৫০ লক্ষ টাকা খরচ করেছে। উত্তর ও দক্ষিণবঙ্গে নদী ভাঙ্গন রুখতে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তিনি বঞ্চনার অভিযোগ তোলেন। তিনি বলেন উত্তরবঙ্গে ৭৬ টাঁ নদী আছে। যাদের উৎস ভূটানে। অথচ ইন্দো-ভূটান নদী কমিশন তৈরী করতে কেন্দ্রীয় সরকার কোনও উদ্যোগ নিচ্ছে না। উত্তরবঙ্গে গঙ্গা ভাঙ্গন রুখতে ভূতনী, দিয়ারা, রতুয়া ১ এবং ২ নম্বর ব্লক, অন্যদিকে সমুদ্রভাঙ্গন প্রবণ সুন্দরবনকে রক্ষা করতে দুটি বড়সড় পরিকল্পনা রাজ্য সরকার নিচ্ছে বলেও মানসবাবু বিধানসভার বাইরে সাংবাদিকদের জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের দীঘায় নির্মায়মাণ জগন্নাথ মন্দিরে আগামী ৩০-শে এপ্রিল অক্ষয় তৃতীয়ায় উদ্বোধন হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ঘোষণা করেছেন। তিনিদিনের দীঘা সফরে গিয়ে আজ তিনি বলেন, এবছর ওই মন্দির থেকেই রথযাত্রার সূচনা হবে। মন্দির উদ্বোধনের ৪৮ ঘণ্টা আগে শুরু হবে পুজো। জগন্নাথ দেবের কাঠ ও পাথর নির্মিত দু-ধরনের মূর্তি থাকবে। মন্দির পরিচালনার জন্য ১৩ সদস্যের একটি অছি পরিষদ তৈরি করা হয়েছে। এর নেতৃত্বে থাকবেন রাজ্যের মুখ্য সচিব। ইতিমধ্যেই ওই মন্দিরের জন্য আড়াইশো কোটি টাকা খরচ হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

(বাইট - মুখ্যমন্ত্রী)

০০০০০০০০০০০০০০০০০

বিজেপি দীঘায় মুখ্যমন্ত্রীর বক্তব্যকে সত্ত্বেও অপলাপ বলে দাবি করেছে। রাজ্য বিধানসভার বাইরে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, সংবিধান অনুযায়ী সরকারী অর্থে কোন ধর্মীয় প্রতিষ্ঠান নির্মাণ করা

যায় না। সনাতনী সংস্কৃতিকে অপমান এবং ইঙ্গনের প্রতিষ্ঠাতা ও পুরীধামকে অসম্মান করার জন্যই মুখ্যমন্ত্রীর এই প্রয়াস বলে তিনি মন্তব্য করেন।

(বাহ্ট - শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০

ভূমি ও ভূমি সংস্কার দণ্ডে ব্যপক দুর্নীতির অভিযোগ তুলে প্রদেশ কংগ্রেস আজ রাজ্যজুড়ে বিক্ষোভ কর্মসূচি পালন করে। বেহালা, পানিহাটি, দক্ষিণ চৰিশ পরগনার উন্নতি সহ রাজ্য জুড়ে BLRO অফিসগুলির সামনে বিক্ষোভ দেখান কংগ্রেস কর্মীরা। প্রদেশ কংগ্রেসের সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি সহ জেলার কংগ্রেস নেতৃবৃন্দ, কর্মী, সমর্থকরা এতে অংশ নেন।

০০০০০০০০০০০০০০০০

সীমা সুরক্ষাবল এস এস বি-র ৬১-তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে রাজ্যে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এমাসের ২০ তারিখ শিলিগুড়ির রানিডাঙ্গায় এস এস বি-র প্রতিষ্ঠা দিবসের কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করবেন তিনি। আজ এক সাংবাদিক বৈঠকে এস এস বি-র শিলিগুড়ি ফন্টিয়ার হেড কোয়াটারে আই জি সুধীর কুমার একথা জানিয়েছেন। অনুষ্ঠানে উত্তরবঙ্গের কৃষি-সংস্কৃতি তুলে ধরার পাশাপাশি মার্শাল আর্ট এবং টোটো উপজাতির সঙ্গীত পরিবেশিত হবে।

০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশের চট্টগ্রাম নগর দায়রা আদালত চিন্ময়কৃষ্ণ ব্ৰহ্মচাৰীৰ কৱা তিনটি জামিনের আবেদন খারিজ কৱে দিয়েছে। গত ২৫-শে নভেম্বৰ দেশদ্বোহের অভিযোগে ঢাকা বিমান বন্দৰ থেকে চিন্ময় কৃষ্ণকে গ্ৰেফতার কৱা হয়। চট্টগ্রাম বাবৰ অ্যাসোসিয়েশনের তরফে কোন সদস্য চিন্ময় কৃষ্ণের হয়ে পাওয়াৰ অফ অ্যাটনী জমা না দেওয়ায় এই আবেদনগুলি খারিজ হলো বলে সংবাদমাধ্যম সূত্ৰেৰ খবৰ।

০০০০০০০০০০০০০০০০

৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আজ শেষ হচ্ছে। ইন্টারন্যাশনাল কম্পিউটিশন, ইনোভেশন ইন মুভিং ইমেজেস এই বিভাগে এবার সেরা জুরি অ্যাওয়ার্ড এবং সেরা চলচ্চিত্রের শিরোপা পেয়েছে বুলগেরিয়ার ছবি "তারিকা" পরিচালক Milko Lazarov। দেওয়া হয়েছে ৫১ লক্ষ টাকা ও গোল্ডেন রয়েল বেঙ্গল ট্রফি। এই বিভাগে বেস্ট ডিরেক্টরের সম্মান পেয়েছে পানামার ছবি "আনা আন্তেরা" পরিচালকের নাম বিলোভেড ট্রিপিক। বিকেলে রবীন্দ্রসদনে ৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে উৎসবে অংশ নেওয়া সেরা ছবিগুলিকে পুরস্কৃত করা হয়। বেঙ্গলি প্যানোরামা বিভাগে সেরা হয়েছে নীলাঞ্জন চক্রবর্তী পরিচালিত ছবি ধ্রুবুর আশ্চর্য জীবন। সেরা ভারতীয় চলচ্চিত্র হয়েছে কানারা ছবি লাচ্চি। পরিচালক কৃষ্ণ গোরা। এই বিভাগে সেরা পরিচালক হিসেবে হীরালাল সেন মেমোরিয়াল ট্রফি জিতে নিয়েছে বাঙালিকা ভাষার ছবি আজুর, পরিচালক আরিয়ান চন্দ্র প্রকাশ। সেরা ভারতীয় তথ্যচিত্র নির্বাচিত হয়েছে দীপাঞ্জন চৌধুরী পরিচালিত ভবতোষের কারখানা। সেরা ভারতীয় স্বল্পদৈর্ঘ্যের ছবি নির্বাচিত হয়েছে আরোন মিত্র হিন্দি ভাষার ছবি গুলার কে ফুল। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকতে না পারলেও দীঘা থেকে দূরভাষে উপস্থিত দেশি-বিদেশি অভ্যাগতদের অভিনন্দন জানান। তিনি বলেন, আগামী দিনে সিনেমা তৈরি হোক কোন নির্দিষ্ট দেশের জন্য নয়, যা হবে সারা বিশ্বের।

সপ্তাহ অধিক চলা কলকাতা চলচ্চিত্র উৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় চেয়ারম্যান পরিচালক গৌতম ঘোষ সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন ও ধন্যবাদ জানান।

(বাইট - গৌতম ঘোষ)

উৎসবের সেরা ছবি দুটি নন্দন এক এবং দুই এ প্রদর্শন চলছে।

০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরে বাতাস প্রবেশ করায় রাজ্যজুড়ে তাপমাত্রার পারদ নিম্নমুখী। কলকাতায় আজ সর্ব নিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬ দশমিক ২ ডিগ্রী আগামী এক সপ্তাহে ধাপে ধাপে পারদ প্রতিনের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত।

০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা, সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি-টোয়েন্টি ক্রিকেট প্রতিযোগিতা থেকে বিদায় নিয়েছে। বেঙ্গালুরুতে আজ কোয়ার্টার ফাইনালে বাংলা ৪১ রানে বারোদার কাছে পরাজিত হয়েছে। জয়ের জন্য ১৭৩ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে বাংলার ইনিংস ১৮ ওভারে ১৩১ রানে শেষ হয়ে যায়। শাহবাজ আহমেদ ৫৫ রান করেন। হার্দিক পাণ্ডিয়া, লুকমান মেরিয়াল, অতিত শেঠ তিনিটি করে উইকেট নিয়েছেন। এরআগে বরোদা সাত উইকেটে করেছিল ১৭২ রান।

০০০০০০০০০০০০০০০০০০০

সুরাতে আজ বিজয় মার্চেন্ট ট্রফি ক্রিকেটের প্রথম দিনে গোয়ার বিরুদ্ধে বাংলা সাত উইকেটে ৩০৫ রান করেছে। অধিনায়ক শচীন যাদব ১০২ রানে অপরাজিত আছেন। অগস্ত্য শুক্রা ৬৬, রাজদীপ খান ৬৩ রান করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০